

প্রেস রিলিজ

১৯ নভেম্বর ২০২৫

বাউবির এমবিএ (বাংলা মাধ্যম) পরীক্ষার ফলাফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) এমবিএ (বাংলা মাধ্যম) প্রোগ্রামের ২০২৩ (টার্ম ২৩২) ও ২০২৪ (টার্ম ২৪১) পরীক্ষার (১ম, ২য়, ৩য় এবং ৪র্থ সিমস্টার) পরীক্ষার কোর্সভিত্তিক ও চূড়ান্ত ফলাফল আজ ১৯ নভেম্বর ২০২৫ তারিখ বুধবার প্রকাশিত হয়েছে।

এ প্রোগ্রামের ২৩২ টার্মের নিবন্ধিত শিক্ষার্থীর সংখ্যা ৬৪৪ জন। পরীক্ষায় অংশগ্রহণ করেন ৬০৯ জন। এর মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ৩৪৮ জন। গড় পাশের হার শতকরা ৫৭ দশমিক ১৪।

এছাড়াও ২৪১ টার্মের নিবন্ধিত শিক্ষার্থীর সংখ্যা ৮৯৯ জন। পরীক্ষায় অংশগ্রহণ করেন ৮৭০ জন। এর মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীর ৪৯৯ জন। গড় পাশের হার শতকরা ৫৭ দশমিক ৩৬।

বাউবির পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোঃ হাবিবুল্লাহ মাহমুদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।
বাউবির এর ফলাফল result.bou.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে:

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮